

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
www.molwa.gov.bd

নম্বর: ৪৮.০০.০০০০.০০২.০৩৪.০০২.১২-৮৫০

তারিখ: ১৬ কার্তিক ১৪২৩
৩১ অক্টোবর ২০১৬

প্রজ্ঞাপন

সরকার বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে অসীম সাহসিকতা ও বীরত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ যে সকল মুক্তিযোদ্ধা বীর শ্রেষ্ঠ, বীর উত্তম, বীর বিক্রম ও বীর প্রতীক খেতাবে ভূষিত হয়েছেন, সে সকল খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাগণের এবং যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারবর্গের মাসিক সম্মানী ভাতা নিম্নরূপে প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে:

ক) খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধার মাসিক সম্মানী ভাতা:

খেতাবের বিবরণ	মাসিক ভাতার পরিমাণ
বীর শ্রেষ্ঠ	৩০,০০০/-
বীর উত্তম	২৫,০০০/-
বীর বিক্রম	২০,০০০/-
বীর প্রতীক	১৫,০০০/-


খ) যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের মাসিক সম্মানী ভাতা:

পঞ্জুয়ের ধরণ	মাসিক মূল ভাতা	চিকিৎসা ভাতা	সাহায্যকারী ভাতা	খাদ্য ভাতা	মাসিক মূল ভাতা
'এ' শ্রেণি (৯৬ - ১০০%)	৩০,০০০/-	২,০০০/-	৮,০০০/-	৫,০০০/-	৪৫,০০০/-
'বি' শ্রেণি (৬১ - ৯৫%)	২৮,০০০/-	২,০০০/-	-	৫,০০০/-	৩৫,০০০/-
'সি' শ্রেণি (২০ - ৬০%)	২৩,০০০/-	২,০০০/-	-	৫,০০০/-	৩০,০০০/-
'ডি' শ্রেণি (১ - ১৯%)	১৮,০০০/-	২,০০০/-	-	৫,০০০/-	২৫,০০০/-
শহীদ মুক্তিযোদ্ধা পরিবার	২৩,০০০/-	২,০০০/-	-	৫,০০০/-	৩০,০০০/-
মৃত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা পরিবার	১৮,০০০/-	২,০০০/-	-	৫,০০০/-	২৫,০০০/-
বীর শ্রেষ্ঠ শহীদ পরিবার	২৮,০০০/-	২,০০০/-	-	৫,০০০/-	৩৫,০০০/-

০২। 'খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরণ নীতিমালা, ২০১৬' অনুযায়ী খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাগণের এবং কল্যাণ ট্রাস্ট প্রবিধান অনুযায়ী যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারবর্গের মাসিক সম্মানী ভাতা প্রদান করা হবে।

০৩। ইহা ০১ জানুয়ারি ২০১৬ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(মুহাম্মদ নূর আলম)
উপসচিব

ফোন: ৯৫৫০১৩৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সেনাবাহিনী প্রধান, বাংলাদেশ সেনাবাহিনী, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৩। নৌবাহিনী প্রধান, বাংলাদেশ নৌবাহিনী, নৌ সদর দপ্তর, বনানী, ঢাকা।
- ৪। বিমানবাহিনী প্রধান, বাংলাদেশ বিমান বাহিনী, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৫। সিনিয়র সচিব/সচিব, মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।

- ৬। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ সদর দপ্তর, রমনা, ঢাকা।
- ৭। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ, বিজিবি সদর দপ্তর, পিলখানা, ঢাকা।
- ৮। মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খিলগাঁও, ঢাকা।
- ৯। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮ মতিঝিল বা/এ, ঢাকা।
- ১০। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা।
- ১১। মহাপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (অনুগ্রহপূর্বক উক্ত প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ করতঃ পর্যাপ্ত সংখ্যক কপি সরবরাহ করার অনুরোধসহ)।
- ১২। যুগ্মসচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপি:

- ১। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সংরক্ষণ নথি।